



৭ই সেপ্টেম্বর, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

২০১৮ সালে প্রস্তাবিত শ্রম আইনের সংশোধনীতে শ্রমিকের অধিকার সুরক্ষা না হওয়ায় ব্লাস্টের উদ্বেগ  
প্রকাশ

গত ৩রা সেপ্টেম্বর ২০১৮ তারিখ মন্ত্রী পরিষদ বৈঠকে উত্থাপিত বাংলাদেশ শ্রম আইন (সংশোধনী) ২০১৮ এর খসড়ায় কয়েকটি বিষয়ে সংশোধনী প্রস্তাব নীতিগত অনুমোদন দিয়েছে। বিশেষ করে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণ, মামলা নিষ্পত্তি এবং ট্রেড ইউনিয়নসহ বিভিন্ন বিষয়ে যে সংশোধনীর প্রস্তাব এনেছে তা শ্রমিকের ন্যায়সঙ্গত অধিকারের পরিপন্থী হওয়ায় তা পুনর্বিবেচনার জন্য ব্লাস্ট দাবী জানাচ্ছে। কারণ এর মাধ্যমে শ্রমিকের অধিকার লংঘিত হয়েছে বলে ব্লাস্ট মনে করে। কর্মক্ষেত্রে আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ নির্ধারণের জন্য ব্লাস্ট দীর্ঘদিন ধরে দাবী জানিয়ে আছে। ব্লাস্টের সুপারিশ অনুযায়ী দুর্ঘটনাজনিত মৃত্যুর কারণে ক্ষতিপূরণ বাবদ সর্বনিম্ন ২০,০০,০০০.০০ (কুড়ি লক্ষ) টাকা ও স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে মৃত্যুকালীন প্রদত্ত ক্ষতিপূরণের ২৫% হারে বেশী প্রদান করতে হবে। কিন্তু প্রস্তাবিত সংশোধনীতে “কর্মক্ষেত্রে কর্মরত অবস্থায় কোনো শ্রমিকের মৃত্যু হলে দুই লাখ টাকা এবং দুর্ঘটনায় স্থায়ীভাবে পঙ্গু হলে আড়াই লাখ টাকা নির্ধারণ করা হয়েছে” বলে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে। যা খুবই অপ্রতুল এবং কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

শ্রম মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে “বিকল্প বিরোধ নিষ্পত্তি”র পদ্ধতিকে শ্রম আইনে অন্তর্ভুক্তি, যৌন হয়রানি নিরসনে অভিযোগ কমিটি গঠন ব্লাস্ট সহ বিভিন্ন সংগঠনের দাবী যা বর্তমান সংশোধনীতে অন্তর্ভুক্ত করা হয়নি যা শ্রমিকের অধিকারের পরিপন্থী। এ বিষয়গুলো পুনরায় বিবেচনার জন্য আমরা জোরা দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd